গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া।
(রাজস্ব শাখা)
www.dckushtia.gov.bd

# বালুমহাল ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন-২০১০ ও বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা-২০১১ এবং জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির ২৮/০২/২০২৪খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক কুষ্টিয়া জেলার নিম্নলিখিত বালুমহালগুলো ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্ন তপশিল বর্নিত বালুমহালগুলো বাংলা ১৪৩১ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত দরপত্রে উল্লিখিত শর্ত সাপেক্ষে কেবলমাত্র অনুমোদিত তালিকাভুক্ত ইজারাদারগণ জেলা প্রশাসক, কুষ্টিয়া বরাবর ১,০০০/-(এক হাজার) টাকা (অফেরতযোগ্য) মূল্যের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জমা দিয়ে জেলা প্রশাসক, কুষ্টিয়া কার্যালয়ের রাজস্ব শাখা, পুলিশ সুপারের কার্যালয়, কুষ্টিয়া এবং সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে অফিস চলাকালীন সময় দরপত্র ফরম ক্রয় করা যাবে। দরপত্রের সাথে উদ্ধৃত দরের ২৫% জামানত বাবদ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জেলা প্রশাসক, কুষ্টিয়ার অনুকূলে দাখিল করতে হবে। হাইড্রোগ্রাফিক চার্টের অন্তর্ভুক্ত বা নদীর মধ্য হতে ড্রেজিংয়ের মাধ্যমে কোন অবস্থাতেই বালু উত্তোলন করা যাবে না। দরপত্রের অন্যান্য শর্তাবলী দরপত্র ফরমের সাথে সংযুক্ত থাকবে।

| ক্রমিক নং | বালুমহালের নাম | উপজেলার নাম, মৌজার নাম ও জমির পরিমাণ | সরকারী মূল্য (১৪৩১ বঙ্গাব্দের জন্য) | দরপত্র ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলা ও বাছাইয়ের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | জয়নাবাদ, রাহিনীপাড়া ও ছেউড়িয়া মৌজার বালুমহাল। | উপজেলা- কুমারখালী<br>মৌজার নাম- জয়নাবাদ,রাহিনীপাড়া ও ছেউরিয়া<br>জমির পরিমান- ৭১.০২ একর | ৫,৮৩,৬০,৫০০/- | ১ম পর্যায়<br>১৮.০৩.২০২৪ হতে ০১.০৪.২০২৪ | ১ম পর্যায়<br>০২.০৪.২০২৪ সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ১ম পর্যায়<br>০২.০৪.২০২৪ বিকাল ৩.০০ টা |
| ২ | বহলাগোবিন্দপুর ও চাপড়া **মৌজার বালুমহাল** | উপজেলা- কুমারখালী<br>মৌজার নাম - বহলাগোবিন্দপুর ও চাপড়া<br>জমির পরিমান- ১৪০.৪৭ একর | ৪০,৪৮,০০০/- | | | |
| ৩ | ভাড়রা মৌজার বালুমহাল | উপজেলা- কুমারখালী<br>মৌজার নাম- ভাড়রা<br>জমির পরিমান- ৪৩.৯০ একর | ৭,৪০,০০০/- | ২য় পর্যায়<br>০৪.০৪.২০২৪ হতে ০৯.০৪.২০২৪ | ২য় পর্যায়<br>১৫.০৪.২০২৪ সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ২য় পর্যায়<br>১৫.০৪.২০২৪ বিকাল ৩.০০ টা |
| ৪ | উত্তর মূলগ্রাম,হিজলাকর, এনায়েতপুর ও গোবিন্দপুর মৌজার বালুমহাল | উপজেলা-কুমারখালী<br>মৌজার নাম- উত্তর মূলগ্রাম, হিজলাকর, এনায়েতপুর, গোবিন্দপুর<br>আয়তন ৪০.৯৫ একর | ১,৩৮,০৬,০২৮/- | | | |
| ৫ | ভবানীপুর বালুমহাল (কোমরভোগ ও গনেশপুর) | উপজেলার - খোকসা<br>মৌজার নাম- ভবানীপুর ও গনেশপুর<br>জমির পরিমান - ৫৭.২৯ একর। | ৩৬,৭৭,৮৮৭/- | ৩য় পর্যায়<br>১৬.০৪.২০২৪ হতে ২১.০৪.২০২৪ | ৩য় পর্যায়<br>২২.০৪.২০২৪ সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ৩য় পর্যায়<br>২২.০৪.২০২৪ বিকাল ৩.০০ টা |
| ৬ | চাঁদট মৌজার বালুমহাল | উপজেলার - খোকসা<br>মৌজার নাম- চাঁদট<br>জমির পরিমান- ৩৫.০১ একর। | ৬৩,৪৫,৯০০/- | | | |

উক্ত বালুমহাল ইজারা সম্পর্কিত বিস্তারিত তথ্য অত্র কার্যালয়ের রাজস্ব শাখা হতে প্রত্যেক কার্যদিবসে অফিস চলাকালীন সময় জানা যাবে। বালুমহাল ইজারা সংক্রান্ত জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদনের পর চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে ইজারার অর্থ জমা নেওয়া হবে।

মোঃ এহেতেশাম রেজা
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি
কুষ্টিয়া।
ফোন নং-০২৪৭৭৭৮২৩০০
dckushtia@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(রাজস্ব শাখা)
Website:www.dckushtia.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৫০০০.০০৫.৫৫.০০৪.২৩- ২৪২ তারিখ ঃ ৩০ ফাল্গুন ১৪৩০ / ১৪ মার্চ ২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ,খুলনা।
০৬। যুগ্ম সচিব(আইন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। মহাপরিচালক,পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৮। মহাপরিচালক, ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর( জিএসবি), সেগুনবাগিচা, ঢাকা।
০৯। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড,ওয়াপদা ভবন,ঢাকা।
১০। প্রধান বন সংরক্ষক, বাংলাদেশ বন বিভাগ, মহাখালী, ঢাকা।
১১। পুলিশ সুপার, কুষ্টিয়া
১২। মেয়র, কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া
১৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক)/( শিক্ষা ও আইসিটি)/উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুষ্টিয়া।
১৪। নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ গণপূর্ত বিভাগ, কুষ্টিয়া।
১৫। উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর/দৌলতপুর/ভেড়ামারা/মিরপুর/কুমারখালী/খোকসা, কুষ্টিয়া ।
১৬। সহকারী কমিশনার (ভূমি), কুষ্টিয়া সদর/দৌলতপুর/ ভেড়ামারা/মিরপুর/ কুমারখালী/খোকসা, কুষ্টিয়া ।
১৭। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, খুলনা।
১৮। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া।
১৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়,কুষ্টিয়া-[অত্র ইজারা বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
২০। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুষ্টিয়া- [অত্র ইজারা বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
২১। সম্পাদক, ............................................................ তাঁকে স্বল্প পরিসরে (৪ কলামে X ১০˝) বালুমহাল দরপত্র বিজ্ঞপ্তি ০১ (এক) দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হ'ল।
২২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ----------------------------।
২৩। নোটিশ বোর্ড।

১৪/০৩/২০২৪
রেকসোনা খাতুন
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি
কুষ্টিয়া।
ফোন ঃ ০২৪৭৭৭৮২৬৭৭

## বালুমহাল ইজারার আবেদনের শর্তাবলী ঃ

০১। দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া এর রাজস্ব শাখা, পুলিশ সুপারের কার্যালয়, কুষ্টিয়া এবং সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুষ্টিয়ায় পাওয়া যাবে।

০২। বালুমহালের ইজারা অনুমোদনের তারিখ হতে বাংলা ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত ইজারার মেয়াদ কার্যকর থাকবে।

০৩। আবেদন পত্রের সাথে ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের (অফেরতযোগ্য) আবেদন ফি কুষ্টিয়া জেলার যে কোন তপশীলভূক্ত ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে জেলা প্রশাসক, কুষ্টিয়া এর অনুকূলে জমা প্রদান করতে হবে।

০৪। দরপত্রের সাথে জামানত হিসেবে উদ্ধৃত দরের ২৫% হারে কুষ্টিয়া জেলার যে কোন তফশীল ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে জেলা প্রশাসক, কুষ্টিয়া এর অনুকূলে জমা দিতে হবে।

০৫। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র বিক্রি ও গ্রহণ করা হবে না।

০৬। নির্ধারিত তারিখ ও সময়ে জেলা প্রশাসকের কার্যালয়,কুষ্টিয়া এর রাজস্ব শাখা, পুলিশ সুপারের কার্যালয় এবং সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা প্রদান করা যাবে।

০৭। কোন ঘসামাজা, কাটাকাটি ও ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। বালুমহাল ইজারার সিদ্ধান্ত হওয়ার পর ইজারা গ্রহীতাকে কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে সমুদয় অর্থ (ভ্যাট, আয়কর এবং সরকার নির্ধারিত অন্যান্য করসহ) সরকারের অনুকূলে জমা প্রদান করতে হবে। উক্তরূপ ব্যর্থতায় জামানত বাজেয়াপ্ত করা হবে।

০৯। ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত সরকারি বিধি বিধানসমূহ ইজারাগ্রহীতাকে মেনে চলতে হবে।

১০। ইজারা গ্রহীতাকে ইজারা মূল্যের উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাট জমা প্রদান করতে হবে।

১১। ইজারাদার কোন অবস্থাতেই বালুমহালের কোন অংশ সাব-লিজ দিতে পারবেন না। সাব-লিজ প্রদান করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১২। দরপত্র দাখিলের পূর্বে আগ্রহী ইজারাগ্রহীতাকে বালুমহালটি সরেজমিন দেখে দরপত্র দাখিল করতে হবে। পরে আপত্তি উত্থাপন করলে তা বিবেচনায় নেয়া হবে না।

১৩। কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং প্রযোজ্য ক্ষেত্রে সর্বোচ্চ দর প্রদানকৃত দরপত্র রিজার্ভ রেখে পুনরায় দরপত্র আহবান করতে পারবে।

১৪। জেলা প্রশাসকের কার্যালয়,কুষ্টিয়া কর্তৃক যে সকল ব্যক্তি ইজারা দরপত্রে অংশগ্রহণের জন্য তালিকাভুক্ত/ লাইসেন্স প্রাপ্ত হয়েছেন এবং লাইসেন্স নবায়ন করেছেন, শুধু উক্ত ব্যক্তিগণই ইজারায় অংশগ্রহণ করতে পারবেন।

১৫। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সরকারি পাওনা পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত করা হবে।

১৬। ইজারার অর্থ পরিশোধের পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ৩০০/-টাকার নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে ইজারাগ্রহীতা চুক্তিপত্র সম্পাদন করবেন। চুক্তিপত্র সম্পাদন সাপেক্ষে পরবর্তীতে বালুমহালের দখল বুঝিয়ে দেওয়া হবে।

১৭। সর্বোচ্চ দরদাতা একাধিক হলে লটারির মাধ্যমে তাদের মধ্যে থেকে একজনকে নির্বাচন করে বালুমহাল ইজারা প্রদান করা হবে।

১৮। ইজারা দরপত্রের সাথে ইজারায় অংশগ্রহণের তালিকাভুক্তির সনদপত্র সংযুক্ত করতে হবে।

১৯। হাইড্রোগ্রাফিক চার্টের অন্তর্ভুক্ত বা নদীর মধ্য হতে ড্রেজিংয়ের মাধ্যমে কোন অবস্থাতেই বালু উত্তোলন করা যাবে না।

২০। ইজারাকৃত বালুমহালগুলো হাউড্রোগ্রাফিক চার্টের আওতামুক্ত থাকবে।

২১। ইজারা তালিকাভুক্ত বালুমহাল সংক্রান্তে আদালত থেকে কোন নির্দেশনা পাওয়া গেলে সে মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২২। ১৪৩১ বঙ্গাব্দের ৩০ চৈত্র ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট বালুমহালের উপর ইজারা গ্রহিতার দখল ও সকল প্রকার অধিকার বিলুপ্ত হবে। বালুমহালের উপর ইজারা গ্রহিতার কোন প্রকার দাবি/ অধিকার স্বত্ব থাকবে না এবং পরবর্তী বছরের ১ বৈশাখ হতে উক্ত বালুমহালের দখল ও সকল অধিকার স্বয়ংক্রিয়ভাবে জেলা প্রশাসক তথা সরকারের নিকট ন্যস্ত হবে।

২৩। দরপত্রের সাথে সংযুক্ত শর্তাবলী প্রতিপালনসহ বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ ও বিধিমালা, ২০১১ এর বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ এবং বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এ বর্ণিত সংশ্লিষ্ট শর্ত প্রতিপালন সাপেক্ষে বালু উত্তোলন করতে হবে। এর কোন ব্যত্যয় ঘটলে ইজারা বাতিলসহ ইজারাদারের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৪। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় অত্র কার্যক্রমের যে কোন পর্যায়ে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি পরিবর্তন/ পরিবর্ধন/ স্থগিত/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণসহ ইজারা বন্দোবস্তের আবেদন মঞ্জুর/ না-মঞ্জুর/ বাতিলের সুপারিশ/ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।


Khatun
১৪/০৬/২০২৪

রেকসোনা খাতুন
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি
কুষ্টিয়া।
ফোন ঃ ০২৪৭৭৭৮২৬৭৭